# বংশীকুন্ডা দক্ষিণ ইউনিয়ন পরিষদ কার্যালয়

উপজেলা- মধ্যনগর, জেলা- সুনামগঞ্জ।
www.bongshikundasouthup.sunamganj.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

বিষয়ঃ জুন/২০২৩ খ্রিঃ মাসের ইউনিয়ন পরিষদ মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ
সভার স্থানঃ বংশীকুন্ডা দক্ষিন ইউনিয়ন পরিষদ সভা কক্ষ ।
সভাপতিঃ জনাব রাসেল আহমদ, চেয়ারম্যান, বংশীকুন্ডা দক্ষিণ ইউনিয়ন পরিষদ, মধ্যনগর,সুনামগঞ্জ।
তারিখ ও সময়ঃ ১১/০৬/২০২৩ খ্রিঃ, বেলাঃ ১১.৩০ ঘটিকা

উপস্থিত/অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট "খ" মোতাবেক

আলোচ্যসূচীঃ

০১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ।
০২। ইউপি সচিব জনাব টিটু রঞ্জন দাস এর যোগদান এবং দায়িত্বগ্রহণ ।
০৩। ব্যাংক সিগনেটরী পরিবর্তন এবং ব্যাংক হিসাব সমূহের শিরোনাম পরিবর্তন ।
০৪। বিবিধ ।

০১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ সভাপতি উপস্থিত সকল সদস্যদের সাথে কুশল বিনিময় ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানী হয় এবং কোন রকম সংশোধনী ব্যতীত বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন ও তা দৃঢ়ীকরণ করা হয় ।

**০২। ইউপি সচিব জনাব টিটু রঞ্জন দাস এর যোগদান এবং দায়িত্বগ্রহণঃ** ইউপি সচিব জনাব টিটু রঞ্জন দাস এর যোগদান এবং দায়িত্বগ্রহণ উক্ত সভার সভাপতি জনাব রাসেল আহমদ জানান যে, ইউপি সচিব রাসেন্দ্র চন্দ্র দাস বদলী প্রাপ্ত হইয়া দিরাই উপজেলার তাড়ল ইউপি সচিব জনাব টিটু রঞ্জন দাস ০১/০৬/২০২৩ খ্রিঃ তারিখে অত্র কার্যালয়ে যোগদান করেন এবং ০৪/০৬/২০২৩ খ্রিঃ তারিখে বদলীকৃত ইউপি সচিব এবং যোগদানকৃত ইউপি সচিব আমার উপস্থিতিতে দায়িত্বভার অর্পন ও গ্রহণ করেন। তাকে উপস্থিত সকল ইউপি সদস্যদের পক্ষ হতে অভিনন্দন এবং শুভেচ্ছা জানানো হয় । উক্ত সভায় নব যোগদানকৃত ইউপি সচিব স্বাগত বক্তব্য দেন এবং পরিষদের সকল নির্বাচিত প্রতিনিধি সহিত সমন্বয় সাধনের মাধ্যমে শেখ হাসিনার sustainable Development Goals (SDG)-২০৩০ বাস্তবায়নে জনগণের দোরগড়ায় সেবা পৌছে দেওয়ার আশাবাদ ব্যক্ত করেন এবং জনগন কে বিনা হয়রানীতে সেবা প্রদান করার আশ্বাস প্রদান করেন।

সিদ্ধান্ত - ০৭ নং ওয়ার্ডের সম্মানিত ইউপি সদস্য জনাব দেলোয়ার হোসেন বলেন, আমরা সবাই এক পরিবারের মত মিলেমিশে কাজ করলে এলাকার জন সাধারণ সেবা প্রাপ্তি সহজ হবে এবং জন হয়রানি কমবে বলে আশা রাখি। নব যোগদানকৃত ইউপি সচিব জনাব টিটু রঞ্জন দাস কে নিয়ে মিলেমিশে কাজ করার আশাবাদ ব্যক্ত করেন। উক্ত সভায় সভাপতি জানান ইউপি সচিব জনাব টিটু রঞ্জন দাস এর অত্র কার্যালয়ে যোগদান পত্র এবং দায়িত্ব হস্তান্তরের কাগজপত্রাদি জেলা প্রশাসক,সুনামগঞ্জ মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে।

**০৩। ব্যাংক হিসাব সমূহের চেক অপারেটর এবং শিরোণাম পরিবর্তনঃ**

ইউপি সচিব সভায় জানান স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন- ২০০৯ এর ধারা-৫৪ এর ৪ নং উপধারায় বলা আছে প্রত্যেক ইউনিয়ন পরিষদের জন্য সংশ্লিষ্ট পরিষদের নামে একটি তহবিল থাকবে এবং পরিষদের তহবিল চেয়ারম্যান ও সচিবের যৌথ স্বাক্ষরে পরিচালিত হইবে। পরিষদের অন্যান্য উন্নয়ন তহবিল সময়ে সময়ে জারীকৃত ম্যানুয়াল অনুযায়ী চেয়ারম্যান ,সচিব ও মহিলা সদস্য দ্বারা পরিচালিত হইবে। উক্ত বিষয়ে ব্যাপক আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনা শেষে সর্ব সম্মত সিদ্ধান্ত হয় যে, অত্র ইউনিয়ন পরিষদের সকল ব্যাংক হিসাব নাম্বারের চেক অপারেটর নিম্নোক্ত ছকে বর্নিত ব্যক্তিগণের সমন্বয়ে ব্যাংক হিসাব পরিচালিত হবে।



টিটু রঞ্জন দাস
সচিব
২নং বংশীকুন্ডা দক্ষিণ ইউনিয়ন পরিষদ
মধ্যনগর, সুনামগঞ্জ।

রাসেল আহমদ
চেয়ারম্যান
২নং বংশীকুন্ডা দক্ষিণ ইউনিয়ন পরিষদ
মধ্যনগর, সুনামগঞ্জ।

CamScanner

| ক্রম | হিসাবের শিরোনাম ,ব্যাংক হিসাব নং ও শাখার নাম | বর্তমান হিসাব পরিচালনাকারীদের নাম | পরিবর্তিত হিসাব শিরোণাম ও পরিচালনা কারীদের নাম ও পদবী |
|---|---|---|---|
| ০১ | বংশীকুন্ডা দক্ষিণ ইউপি উন্নয়ন তহবিল<br>চঃহি- ৫৯০৭২০০০০০২১৭<br>সোনালী ব্যাংক লিমিটেড, মধ্যনগর শাখা,সুনামগঞ্জ। | ১। রাসেল আহমদ, চেয়ারম্যান<br>২। রাসেন্দ্র চন্দ্র দাস, সচিব<br>৩। মোছাঃ শামছুন্নাহার,সংরক্ষিত আসনের সদস্য,ওয়ার্ড নং- ১,২,৩ | হিসাবের নাম- বংশীকুন্ডা দক্ষিণ ইউপি উন্নয়ন তহবিল<br>১। রাসেল আহমদ, চেয়ারম্যান<br>২। টিটু রঞ্জন দাস, সচিব<br>৩। মোছাঃ শামছুন্নাহার,সংরক্ষিত আসনের সদস্য,ওয়ার্ড নং- ১,২,৩ |
| ০২ | বংশীকুন্ডা দক্ষিণ ইউপি উন্নয়ন সহায়তা তহবিল<br>চঃহি- ৫৯০৭১০২০০০৪৪১<br>সোনালী ব্যাংক লিমিটেড, মধ্যনগর শাখা,সুনামগঞ্জ | ১। রাসেল আহমদ, চেয়ারম্যান<br>২। রাসেন্দ্র চন্দ্র দাস, সচিব<br>৩। মোছাঃ শামছুন্নাহার,সংরক্ষিত আসনের সদস্য,ওয়ার্ড নং- ১,২,৩ | হিসাবের নাম- বংশীকুন্ডা দক্ষিণ ইউপি উন্নয়ন সহায়তা তহবিল<br>১। রাসেল আহমদ, চেয়ারম্যান<br>২। টিটু রঞ্জন দাস, সচিব<br>৩। মোছাঃ শামছুন্নাহার,সংরক্ষিত আসনের সদস্য,ওয়ার্ড নং- ১,২,৩ |
| | বংশীকুন্ডা দক্ষিণ ইউপি জেনারেল তহবিল<br>চঃহি- ৫৯০৭২০০০০০৩৬৯<br>সোনালী ব্যাংক লিমিটেড, মধ্যনগর শাখা,সুনামগঞ্জ। | ১। রাসেল আহমদ, চেয়ারম্যান<br>২। রাসেন্দ্র চন্দ্র দাস, সচিব | হিসাবের শিরোণাম-বংশীকুন্ডা দক্ষিণ ইউপি জেনারেল তহবিল<br>১। রাসেল আহমদ, চেয়ারম্যান<br>২। টিটু রঞ্জন দাস, সচিব |

সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনা শেষে সভাপতি জনাব রাসেল আহমদ বলেন যে, উপরোক্ত আলোচনা সাপেক্ষে অত্র ইউপির ব্যাংক হিসাবে সিগনেটরী হিসেবে ইউ/পি সচিব জনাব টিটু রঞ্জন দাস এবং ১,২,৩ নং ওয়ার্ডের ইউপি মহিলা সদস্য জনাব মোছাঃ শামছুন্নাহার কে সংযুক্ত করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত তিনটি ব্যাংক হিসাবের জব কার্ড পরিবর্তন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ব্যবস্থাপক, সোনালী ব্যাংক , মধ্যনগর শাখা কে বিশেষভাবে অনুরোধ জানানো হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২২/০৬/২০২৩
(রাসেল আহমদ)
চেয়ারম্যান
বংশীকুন্ডা দক্ষিণ ইউনিয়ন পরিষদ
মধ্যনগর,সুনামগঞ্জ ।

স্মারক নং-৪৬.০০.৯০৬২.০৩৫.০১.০০১.২৩-৩৫ তারিখঃ ২২/০৬/২০২৩ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

১. উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ ।
২. উপজেলা নির্বাহী অফিসার, মধ্যনগর,সুনামগঞ্জ ।
৩. ইউপি সদস্য.................সংশ্লিষ্ট সকল।
৪. প্রধান উদ্দ্যোক্তা, ইউনিয়ন ডিজিটাল সেন্টার, রেজুলেশনটি অত্র ইউপির ওয়বেসাইটে প্রকাশের জন্য অনুরুধ করা হলো।
৫. জনাব.............................

22/06/2023
(টিটু রঞ্জন দাস)
ইউ/পিসচিব
বংশীকুন্ডা দক্ষিণ ইউনিয়ন পরিষদ
মধ্যনগর,সুনামগঞ্জ ।



CamScanner

# বংশীকুন্ডা দক্ষিণ ইউনিয়ন পরিষদ কার্যালয়

উপজেলা- মধ্যনগর, জেলা- সুনামগঞ্জ।
www.bongshikundasouthup.sunamganj.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

বিষয়ঃ ১১ জুন,২০২৩ তারিখে মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা স্বাক্ষরঃ

পরিশিষ্ট "খ"

| ক্রম | নাম | পদবী | ওয়ার্ড নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব রাসেল আহমদ | চেয়ারম্যান | - | [signature] ১১.৬.২০২৩ |
| ০২ | জনাব শামছুন্নাহার বেগম | সংরক্ষিত মহিলা সদস্য | ১,২,৩ | আমছুন্নাহার |
| ০৩ | জনাব রাজিয়া খাতুন | সংরক্ষিত মহিলা সদস্য | ৪,৫,৬ | রাজিয়া |
| ০৪ | জনাব মমতা বেগম | সংরক্ষিত মহিলা সদস্য | ৭,৮,৯ | মমতা বেগম |
| ০৫ | জনাব মোঃ নূরজামান সিদ্দিকী | ইউপি সদস্য | ০১ | – |
| ০৬ | জনাব মোঃ ফরিদ মিয়া | ইউপি সদস্য | ০২ | [signature] |
| ০৭ | জনাব একলাছ মিয়া | ইউপি সদস্য | ০৩ | [signature] |
| ০৮ | জনাব মোঃ আবুল কাশেম | ইউপি সদস্য | ০৪ | – |
| ০৯ | জনাব কামাল মিয়া | ইউপি সদস্য | ০৫ | [signature] |
| ১০ | জনাব মোঃ আমানু উল্লাহ | ইউপি সদস্য | ০৬ | আমানুল্লাহ 11-6-23 |
| ১১ | জনাব মোঃ দেলোয়ার হোসেন | ইউপি সদস্য | ০৭ | [signature] ১১-০৬-২৩ |
| ১২ | জনাব মোঃ আঃ ছমেদ আজাদ | ইউপি সদস্য | ০৮ | [signature] |
| ১৩ | জনাব মোঃ সুজন মিয়া | ইউপি সদস্য | ০৯ | – |

[signature] ১১/৬/২০২৩
টিটু রঞ্জন দাস
সচিব
২নং বংশীকুন্ডা দক্ষিণ ইউনিয়ন পরিষদ
মধ্যনগর, সুনামগঞ্জ।

[signature] ১১.৬.২০২৩
(রাসেল আহমদ)
চেয়ারম্যান
০২ নং বংশীকুন্ডা দক্ষিণ ইউনিয়ন পরিষদ
মধ্যনগর, সুনামগঞ্জ।

CamScanner